### ১১. প্লাস্টিক বর্জ্য হতে জ্বালানি তেল উৎপাদন প্লান্ট

পলিথিন বা প্লাস্টিক হচ্ছে হাইড্রোকার্বন। পলিথিন বর্জ্য, প্লাস্টিক, পিভিসি বা টায়ারকে মূল্যবান জ্বালানি ডিজেল এবং কালো কার্বনে রূপান্তরের মাধ্যমে পুনর্ব্যবহার (Recycling) করা হচ্ছে।

**পুনর্ব্যবহার (Recycling) যোগ্য প্রক্রিয়া:**

- পলিথিন বর্জ্য বা প্লাস্টিক প্রাক-পরিচ্ছন্ন করা
- রিঅ্যাক্টরে লোড করে চুল্লি বন্ধ করা
- ১২ ঘন্টা পর্যন্ত ৫৫০০ সে. তাপমাত্রায় উত্তপ্ত করা
- কয়েক ঘন্টা পর পলিথিন বর্জ্য রূপান্তর শুরু হয়
- অপরিশোধিত তেল
  - ডিজেল
  - কার্বন






**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
নগর ভবন, ১০, বঙ্গবন্ধু সড়ক
www.ncc.gov.bd

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত

# উদ্ভাবনী উদ্যোগ

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

### ১. অনলাইনে ফ্ল্যাট, দোকান, স্পেস বরাদ্দ ও ইজারা প্রদান সফটওয়্যার

a2i প্রকল্পের সহযোগিতায় নারায়ণগঞ্জ নগরীর ফ্ল্যাট, দোকান, স্পেস বরাদ্দ ও ইজারা প্রদানের জন্য সফটওয়্যার প্রণয়ন করা হয়। এই সফটওয়্যার এর মাধ্যমে অতি সহজেই ঘরে বসে অনলাইনের মাধ্যমে ফ্ল্যাট, দোকান, স্পেস ক্রয়/ইজারা প্রদান করা হয়। ফলে সেবা প্রদানে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। পাশাপাশি এই প্রকল্পটি বাস্তবায়নের ফলে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত হয়েছে।

### ২. ট্রেড লাইসেন্স অটোমেশন


নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে ট্রেড লাইসেন্স অটোমেশন কার্যক্রম চলমান রয়েছে। আগামী আগস্ট-২০১৯ হতে সার্বিক কার্যক্রম শুরু হবে। বিদ্যমান প্রায় ২৭ হাজার ট্রেড লাইসেন্স অটোমেশনের আওতায় আনা হবে এবং নতুন ট্রেড লাইসেন্স সরাসরি অনলাইনের মাধ্যমে প্রদান করা হবে। এ প্রকল্পটি বাস্তবায়িত হলে ট্রেড লাইসেন্স সেবা প্রদানের ক্ষেত্রে শৃঙ্খলা আনয়ন সম্ভব হবে এবং সিটি কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধি পাবে।

### ৩. শিশু পরিচর্যা ও ব্রেস্ট ফিডিং কর্ণার স্থাপন

মাতৃকালীন সেবা ও টিকা প্রদানের জন্য প্রতিনিয়ত শিশু এবং মহিলারা সিটি কর্পোরেশন ও নগর স্বাস্থ্য কেন্দ্রে যাতায়াত করে। এই শিশু এবং নারীদের জন্য নগর ভবন প্রাঙ্গণ ও নগর স্বাস্থ্য কেন্দ্রে শিশু পরিচর্যা ও ব্রেস্ট ফিডিং কর্ণার স্থাপন কার্যক্রম চলমান রয়েছে।

### ৪. শেখ রাসেল নগর পার্ক

শেখ রাসেল নগর পার্কটি নারায়ণগঞ্জ নগরীর প্রাণকেন্দ্রে অবস্থিত। যার আয়তন ১৫.৯১ একর। বর্তমানে এ পার্কটির কাজ চলমান রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে নগরীর পরিবেশ উন্নয়নসহ নগরবাসীদের দীর্ঘদিনের গণপরিসরের চাহিদা পূরণ হবে। এছাড়া লেকটি অতিরিক্ত বৃষ্টির পানি ধারণের জন্য সংরক্ষিত জলাধার (রিটেনশন পুকুর) হিসেবে কাজ করবে। অপরদিকে অগ্নিকান্ড নির্বাপনের জন্য পানি সরবরাহের একমাত্র প্রধান উৎস হিসেবে মূখ্য ভূমিকা পালন করবে। নগরবাসীর একঘেয়েমি জীবন যাপন পরিবর্তন ও প্রাণোজ্জল করতে সহায়ক ভূমিকা পালন করবে শেখ রাসেল নগর পার্ক।




### ৫. নির্মাণ শ্রমিক নিরাপত্তা নিশ্চিতকরণ কার্যক্রম

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অবকাঠামো উন্নয়নের ক্ষেত্রে নির্মাণ শ্রমিকদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত-করণে লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নিরাপত্তাই প্রথম এই শ্লোগানকে সামনে রেখে নির্মাণ শ্রমিকদেরকে নির্মাণস্থলে হেলমেট, বুট পরিধান বিষয়টি নিশ্চিত করা হচ্ছে। ফলে নির্মাণ কাজে গতিশী-লতার পাশাপাশি নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হচ্ছে।

### ৬. এনসিসি এডভেঞ্চার ল্যান্ড

নারায়ণগঞ্জ নগরবাসী ও পার্শ্ববর্তী জেলার জনগণের বিনোদনের দিকে লক্ষ্য রেখে পাবলিক প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে পঞ্চবটিস্থ সিটি কর্পোরেশনের নিজস্ব ৬.২ একর ভূমিতে 'এনসিসি এডভেঞ্চার ল্যান্ড' নামক একটি পার্ক নির্মাণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখ ভিডিও কনফারেন্স এর মাধ্যমে পার্কটি শুভ উদ্বোধন করেন।



### ৭. জৈব বর্জ্য হতে কম্পোস্ট সার তৈরির প্লান্ট




বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে নারায়ণগঞ্জের পঞ্চবটিতে জৈব বর্জ্য থেকে কম্পোস্ট সার তৈরীর প্রকল্প চলমান রয়েছে। এই কম্পোস্ট প্লান্টে প্রতিদিন গড়ে ২২ টন বর্জ্য প্রক্রিয়াজাত করে কম্পোষ্ট সার প্রস্তুত করা হয়।
নগরীর বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়নের লক্ষ্যে এটির পরিধি সম্প্রসারণ করা হবে।

### ৮. গ্রিন অফিস ব্যবস্থাপনা

পরিবেশের বিষয়টি বিবেচনা করে গ্রিন অফিস ব্যবস্থাপনার কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। গ্রিন অফিস ব্যবস্থাপনার আওতায় নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

১। দাপ্তরিক কাগজের ব্যবহার হ্রাসকরণ;

২। কাগজের উভয় পৃষ্ঠার সর্বোত্তম ব্যবহার;

৩। ব্যবহৃত খাম পুনর্ব্যবহার;

৪। অফিস কক্ষের আয়তন অনুসারে বাতির প্রয়োজনীয় লুমেন নির্ধারণ করে পৃথক সুইচ স্থাপন;

৫। অফিস কক্ষের আয়তন অনুসারে প্রয়োজনীয় সংখ্যক ফ্যান ও এসি স্থাপন;

৬। প্রাকৃতিক আলোর কার্যকারিতা নিশ্চিত করার জন্য বিদ্যমান জানালা ও ছাদে স্বচ্ছ গাস স্থাপন।


### ৯. নগর পরিসেবা অ্যাপ

সিটি কর্পোরেশন সংক্রান্ত সকল তথ্য নিয়ে ডিজিটাল অ্যাড্রেসিং এর লক্ষ্যে নারায়ণগঞ্জ সিটি করপোরেশ-নের মোবাইল অ্যাপ।

** এ অ্যাপের মাধ্যমে যেসব সেবা পাওয়া যাবে:-

** ট্রেড লাইসেন্স, পৌর কর প্রদান, অভিযোগ নিবন্ধীকরণ আপৎকালীন পরিসেবা ডিজিটাল অ্যাড্রেসিং।






### ১০. ছাদ বাগান কার্যক্রম

বাসযোগ্য পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে নগরীতে বিদ্যমান বিভিন্ন ভবনের ছাদে বাগান স্থাপ-নের জন্য তথ্য সংগ্রহ করে ডাটাবেজ প্রণয়ন করা হচ্ছে। পাশাপাশি সিটি কর্পোরেশন কর্তৃক জৈব সার ব্যবহার করে ছাদ বাগান সম্প্রসারণ করার জন্য উৎসাহ দেয়া হচ্ছে এবং হোল্ডিং ট্যাক্স রেয়াত প্রদানের সুযোগ রাখা হয়েছে। ইতিমধ্যে নগর ভবনের ছাদে ছাদ বাগান কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। পরবর্তীতে সিটি কর্পোরেশনের আঞ্চলিক কার্যালয় সহ সকল ভবনে ছাদ বাগান কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এছাড়াও নগরীর একটি স্কুলের ছাত্র-ছাত্রীদের সম্পৃক্ত করে ছাদ বাগান কার্যক্রমের পাইলটিং করার উদ্যোগ নেয়া হয়েছে।